গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর (পিআইডি)
আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ
সংবাদকক্ষ ঃ ০২-৯৯৬৬৬১৩৬৮, E-mail: pidmymensingh@gmail.com, Facebook: PID MYMENSINGH, Website: pid.mymensinghdiv.gov.bd

তথ্যবিবরণী নম্বর-১০০

ভাষা আন্দোলন ও মহান মুক্তিযুদ্ধ এবং ২৪'র বৈষম্যবিরোধী আন্দোলনের মূল শক্তি যুব শক্তি

সোমবার, ২০ জানুয়ারি ২০২৫ খ্রি:

যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক ড. গাজী মো. সাইফুজ্জামান বলেন, ভাষা আন্দোলন ও মহান মুক্তিযুদ্ধ এবং ২৪'র বৈষম্যবিরোধী আন্দোলনের মূল শক্তি যুব শক্তি।ভাষা আন্দোলন ও মহান মুক্তিযুদ্ধ এবং ২০২৪-এর বৈষম্যবিরোধী আন্দোলনের মূল শক্তি যুব শক্তি। শক্তি সম্ভাবনা, সাহসিকতার যে বৃস্তির জনগোষ্ঠী তাদের নিয়ে যুব উন্নয়ন অধিদপ্তর কাজ করছে। সেইজন্য আমাদের বুকে বল ও মুখে হাসি থাকবে সব সময় এবং হৃদয়ের ভিতর সাহস থাকবে তা না হলে তরুণ প্রজন্ম যুবকদেরকে নেতৃত্ব এবং তাদের কল্যাণ সাধন করতে পারবেন না মন্তব্য করে যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক ড. গাজী মো. সাইফুজ্জামান বলেন প্রশিক্ষণ হলো যে কোন বিষয়ের দক্ষতা উপহার দেয়, এই দক্ষতা প্রয়োগ করে তার জীবনে পরিবর্তন ঘটায়।

দক্ষ যুবক গড়ব দেশ, বৈষম্যহীন বাংলাদেশ এই শ্লোগানে যুব উন্নয়ন অধিদপ্তর ময়মনসিংহের আয়োজনে আজ সোমবার (২০ জানুয়ারি) জেলা পরিষদের ভাষা শহীদ আব্দুল জব্বার মিলনায়তনে প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়ন ও মূল্যায়ন শীর্ষক বিভাগীয় কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

ময়মনসিংহের জেলা প্রশাসক মফিদুল আলমের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে যুব উন্নয়ন অধিদপ্তরের পরিচালক প্রশিক্ষণ (যুগ্ম সচিব) মো: মানিকহার রহমান ও অতিরিক্ত বিভাগীয় কমিশনার সার্বিক (যুগ্ন সচিব) কৃষিবিদ ইউসুফ আলী বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। অনুষ্ঠানে যুব উন্নয়ন অধিদপ্তর ময়মনসিংহের উপপরিচালক হারুন অর রশিদ স্বাগত বক্তব্য রাখেন।

প্রধান অতিথির বক্তব্যে যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক ড. গাজী মো: সাইফুজ্জামান আরো বলেন -সারা বাংলাদেশে পৃথিবীর বিভিন্ন দেশে অনেক অসহায় মানুষ আছে তাদের আর্থিক সামর্থ্য আছে কিন্তু বয়সকালে (বৃদ্ধকাল) সেবা করার মানুষ নেই। অনেকের ছেলে মেয়ে উপার্জন করে কিন্তু বৃদ্ধ বাবা মাকে দেখার মত তাদের সময় ও সুযোগ নাই। বৃদ্ধ বয়সে তাদেরকে সেবা দেওয়ার জন্য যুব উন্নয়ন অধিদপ্তর কেয়ার বিভাগ নামে একটি প্রকল্প হাতে নিয়েছে, প্রকল্পটি মূল্যায়ন প্রক্রিয়ার মধ্যে রয়েছে। প্রকল্পটি বাস্তবায়িত হলে দেশে সুনির্দিষ্ট সংখ্যক প্রায় ১০ হাজারের মতো কেয়ার বিভাগ তৈরি করব যার একটা বড় অংশ দেশে কাজ করবে এবং আরেকটা অংশ বিদেশে রপ্তানি করবো।

অনুষ্ঠানে বক্তারা বলেন মানুষ ব্যতীত পৃথিবীর আর কোন প্রাণীর আনুষ্ঠানিক কোনো প্রশিক্ষণ প্রয়োজন হয় না। মানুষ ছাড়া অন্যসব প্রাণীগুলোর কোষ এবং ডি এন এর মধ্যে মহান সৃষ্টিকর্তা প্রশিক্ষণ অটোমেটিক ভাবে ঢুকিয়ে দিয়েছে। জ্ঞান দক্ষতা এবং দৃষ্টিভঙ্গি কাঙ্ক্ষিত পরিবর্তনকে প্রশিক্ষণ বলা হয়।বিশাল যুব সমাজকে বেকার রেখে দেশের সামগ্রিক উন্নয়ন সম্ভব হবে না। সেই লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর কাজ করছে। যুবকদের বিভিন্নভাবে প্রশিক্ষণ প্রদান করে তাদেরকে দেশের আত্মকর্মসংস্থানের ব্যবস্থা করছে।

কর্মশালায় ময়মনসিংহ বিভাগের জামালপুর, শেরপুর, নেত্রকোনা ও ময়মনসিংহ জেলা এবং ঢাকা বিভাগের কিশোরগঞ্জ ও টাঙ্গাইল জেলার উপপরিচালক এবং সকল উপজেলার যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষণ কর্মকর্তারা অংশগ্রহণ করেন।

মোস্তফা/ জামান /রিদওয়ান/ মনির/ রেজভী ২০২৪/১৫:৩০ মিনিট